

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯

১/ বিবিধ

আরবী

عمل الأبرار من الرجال من أمتي الخياطة، وعمل الأبرار من أمتي من النساء المغزل  
موضوع

رواه ابن عدي (1 / 153) وأبو نعيم في " أخبار أصبهان " (1 / 303) وابن عساكر  
(15 / 261 / 1) عن أبي داود النخعي سليمان بن عمرو عن أبي حازم عن سهل بن  
سعد مرفوعا، وقال ابن عدي:

هذا مما وضعه سليمان بن عمرو على أبي حازم، وعزاه السيوطي في " الجامع  
الصغير " لرواية تمام والخطيب وابن عساكر عن سهل بن سعد وهو في " تاريخ بغداد  
" (9 / 15) من طريق أبي داود النخعي هذه، وقال المناوي في شرحه على " الجامع  
الصغير ": وظاهر صنيع المصنف أن مخرجه الخطيب خرج وأقره، والأمر بخلافه،  
بل قدح في سنده فتعقبه بأن أبا داود النخعي أحد رواة كذاب وضاع دجال، وبسط  
ذلك بما يجيء منه أنه أكذب الناس، وجزم الذهبي في " الضعفاء " بأنه كذاب دجال،  
وفي " الميزان " عن أحمد: كان يضع الحديث، وعن يحيى: كان أكذب الناس، ثم  
سرد له أحاديث هذا منها، ووافقه في " اللسان " وحكم ابن الجوزي بوضعه ولم  
يتعقبه المؤلف إلا بإيراد حديث تمام وقال: موسى متروك، ولم يزد على ذلك  
قلت: ذكر السيوطي هذا في " اللآليء " (2 / 154) وكذا في " الفتاوى " له (2 / 107)  
من رواية تمام بإسناده عن موسى بن إبراهيم المروزي حدثنا مالك بن أنس عن أبي  
حازم به، وموسى بن إبراهيم المروزي قد كذبه يحيى فلا يفرح بمتابعته، ولهذا أورد

الحديث ابن عراق في الفصل الأول من المعاملات من كتابه "تنزيه الشريعة المرفوعة عن الأخبار الشنيعة الموضوعة" (2 / 294) ، وهذا الفصل قد نص في مقدمة الكتاب أنه يورد فيه ما حكم ابن الجوزي بوضعه ولم يخالف فيه وقد قال الذهبي في هذا الحديث: قبح الله من وضعه! ذكره في ترجمة أبي داود هذا الكذاب

বাংলা

১০৯। আমার উম্মাতের সৎকর্মশীল পুরুষদের কর্ম হচ্ছে দরজীর কাজ আর আমার উম্মাতের সৎ কর্মশীলা মহিলাদের কর্ম হচ্ছে চরকায় সুতা কাটা।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী (১/১৫৩), আবু নু'য়াইম "আখবার আসবাহান" গ্রন্থে (১/৩০৩) এবং ইবনু আসাকির (১৫/২৬১/১) আবু দাউদ আন-নাখ'ঈ সুলায়মান ইবনু আদী বলেনঃ এটি সুলায়মান ইবনু আমর কর্তৃক আবু হাযিমের উপর জালকৃত হাদীসগুলোর একটি।

সুযুতী- তাম্মাম, খাতীব বাগদাদী ও ইবনু আসাকিরের বর্ণনা হতে হাদীসটি উল্লেখ করেছেন। কিন্তু সূত্রে আবু দাউদ আন-নাখ'ঈ রয়েছে। মানবী বলেনঃ তার সম্পর্কে আল-খাতীব নিজে বলেছেনঃ তিনি একজন মিথ্যুক, জালকারী, দাজ্জাল। যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তিনি মিথ্যুক, দাজ্জাল। তিনি তার "আল-মীযান" গ্রন্থে ইমাম আহমদের উদ্ধৃতিতে বলেনঃ তিনি হাদীস জাল করতেন। ইয়াহইয়া তার সম্পর্কে বলেনঃ كان أكذب الناس তিনি হাদীসের ক্ষেত্রে সর্বাপেক্ষা মিথ্যুক ছিলেন। ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে তার এ কথাকে সমর্থন করেছেন। ইবনুল জাওযী জাল হিসাবেই হুকুম লাগিয়েছেন।

সুযুতী এ হাদীসটি "আল-লাআলী" গ্রন্থে (২/১৫৪) এবং "আল-ফাতাওয়া" গ্রন্থে (২/১০৭) তাম্মামের সূত্রে উল্লেখ করেছেন। যার সনদে মূসা ইবনু ইবরাহীম আল-মারওয়াযী রয়েছে। তাকে ইয়াহইয়া মিথ্যুক আখ্যা দিয়েছেন। তার মুতাবা'য়াত দ্বারা আনন্দিত হওয়ার কিছু নেই। এ জন্য ইবনু আররাক হাদীসটিকে জাল-এর মধ্যে অন্তর্ভুক্ত করেছেন। এ হাদীসটি সম্পর্কে যাহাবী বলেনঃ قبح الله من وضعه আল্লাহ খারাপ পরিণতি করুন সেই ব্যক্তির যিনি হাদীসটি জাল করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5370>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন